
কোয়ালিটি ফিডস লিমিটেড
সাফল্যের
৩০
বছর
১৯৯৫ থেকে
খামারির স্বার্থে, খামারির পাশে
বিস্তারিত জানতে ভিজিট করুন
www.qfl.com.bd



# আপনি জানেন কি?

## মাছ, মুরগি, গবাদি পশু, চিংড়ি ও হাঁসসহ **১০০ টিরও বেশি** প্রকারের ফিড আমরা উৎপাদন করে থাকি

বাংলাদেশের কৃষি ও প্রাণিসম্পদ খাত আজ দ্রুত পরিবর্তনের পথে। এই পরিবর্তনের কেন্দ্রে রয়েছেন দেশের পরিশ্রমী খামারিরা যাদের নিবেদিত প্রচেষ্টা আমাদের খাদ্যনিরাপত্তা ও অর্থনীতিকে করেছে আরও শক্তিশালী। আমরা বিশ্বাস করি, প্রতিটি খামারি একজন উদ্যোক্তা। তাই কোয়ালিটি ফিডস লিমিটেড শুধু পণ্য নয় দিচ্ছে চাষের স্বাধীনতা ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা। খামারিরা এখন নিজের অভিজ্ঞতা, ক্ষেত্রজ্ঞান ও বাজার পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত নিতে পারেন যার ফলে তারা হচ্ছেন আরও আত্মনির্ভর, আত্মবিশ্বাসী এবং ভবিষ্যৎমুখী। কোয়ালিটি ফিডস লিমিটেডের প্রতিটি ফিড তৈরি হয় উন্নত প্রযুক্তি, আধুনিক গবেষণা ও বিশেষজ্ঞ প্রাণিসম্পদ পুষ্টিবিদদের তত্ত্বাবধানে।

খামারিদের প্রয়োজন ও মুনাফা বিবেচনায়, আমরা তৈরি করছি **১০০টিরও বেশি মানসম্মত ফিড**, যা বাড়াচ্ছে উৎপাদন, নিশ্চিত করছে চাষের স্বাধীনতা এবং বৃদ্ধি করছে খামারিদের আয়।



# আপনি জানেন কি?

## আমরা বুনেছি প্রায়
## ৫০ হাজারের বেশি
### খামারির স্বাবলম্বী হওয়ার গল্প

বাংলাদেশের অর্থনীতির ভিত গড়ে উঠেছে কৃষির ওপর, কিন্তু আজ তা শিল্প ও সেবার সাথে একত্রে এক বহুমাত্রিক কাঠামোয় পরিণত হয়েছে। এই পরিবর্তনের নীরব শক্তি হিসেবে কাজ করছে পশুপালন ও ফিড শিল্প যা গ্রামীণ উন্নয়ন, পুষ্টি ও কর্মসংস্থানের এক গুরুত্বপূর্ণ স্তম্ভ।

গত তিন দশকে বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য পরিবর্তন ঘটেছে। শহরায়ন, আয় বৃদ্ধি ও খাদ্যাভ্যাসের পরিবর্তনের কারণে মাংস, দুধ, ডিমের চাহিদা বেড়েছে যা ফিড ও পশুসম্পদ শিল্পকে দ্রুত প্রসারিত করছে। গ্রামের অর্থনীতি এখনও পশুপালনের ওপর নির্ভরশীল। ছোট খামারিদের জন্য মানসম্মত ফিড, প্রশিক্ষণ ও বিনামূল্যে পরামর্শ তাদের উৎপাদন বাড়াতে ও আয় স্থিতিশীল রাখতে সাহায্য করে। কোয়ালিটি ফিডস লিমিটেড বিগত তিন দশক ধরে কৃষকের পাশে থেকে মানসম্পন্ন ফিড, বিনামূল্যে পরামর্শ ও সার্ভিস দিয়ে যে আস্থা ও উৎপাদনশীলতার সংস্কৃতি গড়ে তুলেছে তা শুধু **একটি কোম্পানির নয়, বরং একটি স্বনির্ভর বাংলাদেশের শক্ত ভিতের গল্প।**



# আপনি জানেন কি?

## বিগত তিন দশকে আমরা
## ৭০ লক্ষ মে.টনের অধিক
## মানসম্মত ফিড সরবরাহ করেছি

**“সঠিক মূল্যে সঠিক পণ্য”** এই ধারণা এবং সুস্পষ্ট লক্ষ্য নিয়ে ১৯৯৫ সাল থেকে যাত্রা শুরু করে কোয়ালিটি ফিডস লিমিটেড। বিগত তিন দশক ধরে প্রতিষ্ঠানটি দেশের খামারিদের নির্ভরযোগ্য সহযোগী হিসেবে কাজ করে আসছে। উৎকৃষ্ট মানের উৎপাদন ও অবিচল প্রতিশ্রুতির মাধ্যমে কোয়ালিটি ফিডস লিমিটেড ইতোমধ্যে **৭০ লক্ষ মেট্রিক টনেরও বেশি** মাছ, মুরগি, গবাদি পশু ও চিংড়ির ফিড সরবরাহ করে দেশের কৃষি ও মৎস্য খাতকে এক নতুন উচ্চতায় পৌঁছে দিয়েছে। দেশের প্রাণিসম্পদ খাতকে আধুনিক প্রযুক্তি ও পুষ্টিসমৃদ্ধ ফিডের মাধ্যমে স্বনির্ভর করে তোলা এবং দেশের খামারিদের জীবনমান উন্নয়ন, গ্রামীণ অর্থনীতির বিকাশ ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করাতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিন দশকের এই যাত্রায় কোয়ালিটি ফিডস লিমিটেড প্রমাণ করেছে মান, আস্থা ও উদ্ভাবনই টেকসই উন্নয়নের মূল চাবিকাঠি।



# আপনি জানেন কি?

## বিগত তিন দশকে, দেশজুড়ে কোয়ালিটির লেয়ার ফিড সরবরাহের মাধ্যমে ৮২০ কোটিরও বেশি ডিম উৎপাদনে

বাংলাদেশের প্রাণিসম্পদ ও পোল্ট্রি শিল্পে টেকসই অগ্রযাত্রার প্রতীক কোয়ালিটি ফিডস লিমিটেড। বিগত তিন দশক ধরে প্রতিষ্ঠানটি দেশের পুষ্টি নিরাপত্তা ও খাদ্য স্বয়ংসম্পূর্ণতার লক্ষ্যে কাজ করছে ধারাবাহিক মানের অবিচল প্রতিশ্রুতি নিয়ে। একই সময়ে সারাদেশে উচ্চমানের লেয়ার ফিড সরবরাহের মাধ্যমে খামারিদের সহায়তা করেছে **৮২০ কোটিরও অধিক ডিম** উৎপাদনে। ইহা শুধু একটি সংখ্যাগত অর্জন নয় এটি বাংলাদেশের মানুষের আমিষের চাহিদা পূরণে, পুষ্টি নিশ্চিতকরণে এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিতে এক অসামান্য ভূমিকার বাস্তব প্রতিফলন। **উন্নত প্রযুক্তিনির্ভর উৎপাদন ব্যবস্থা, আন্তর্জাতিক মানের কাঁচামাল, এবং কঠোর গুণগত মাননিয়ন্ত্রণ** প্রক্রিয়ার মাধ্যমে কোয়ালিটি ফিডস লিমিটেড প্রতিটি ফিডে নিশ্চিত করে সুষম পুষ্টি, নিরাপত্তা ও দক্ষ উৎপাদনক্ষমতা।



# আপনি জানেন কি?

## বিগত দুই দশকে কোয়ালিটির

## **২৫০ কোটির** বেশি মাছের পোনা

### পৌঁছে গেছে বাংলার প্রতিটি খামারির পুকুরে

বিগত তিন দশকে ব্যক্তিজীবনে খাবার গ্রহণের তালিকায় মাছ গড়ে **প্রায় ৭.৫ কেজি/বছর** থেকে বেড়ে  এখন সেটা **প্রায় ৩০ কেজি/বছর** হয়েছে। দেশীয় জীবিকার প্রায় ১২% মানুষ সরাসরি বা পরোক্ষভাবে মৎস্য এবং তদসংশ্লিষ্ট কাজে নিয়োজিত। **২০২৩-২৪ অর্থবছরে** মোট মাছ উৎপাদন হয়েছে **প্রায় ৫০.১৮ লাখ মেট্রিক টন** যার মধ্যে অভ্যন্তরীণ (পুকুর, জলাবদ্ধ জলাশয় ইত্যাদি) চাষের অংশ প্রায় ৫৯.৩৪%। ২০২৩-২৪ অর্থবছরে মৎস্যখাত দেশের মোট কৃষি GDP-র প্রায় ২২.২৬%। স্বাদু পানির মাছ উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বে দ্বিতীয়। এই মৎস্য শিল্পের ধারাবাহিক অগ্রগতিতে সরাসরি ভূমিকা রেখে চলেছে প্রযুক্তি-নির্ভর হ্যাচারি কোয়ালিটি একুয়াব্রীডস লিমিটেড এবং ফিড উৎপাদনকারী প্রতিষ্ঠান কোয়ালিটি ফিডস লিমিটেড, যা শুধু খামারি-সাপ্লাইচেইন নয়, পুরো দেশের মৎস্য শৃঙ্খলে একটি সংঘবদ্ধ অগ্রগামী পন্থা।



# আপনি জানেন কি?

**বিগত তিন দশকে দেশের সর্বাধিক উৎপাদিত ফিশ ফিডের মাধ্যমে**

## দেশজুড়ে ৮ কোটি টনের অধিক

**মাছ উৎপাদনে শক্তিশালী ভূমিকা রেখেছি আমরা**

তিন দশকেরও বেশি সময় ধরে বাংলাদেশের মৎস্য খাতের অগ্রযাত্রায় এক অবিচ্ছেদ্য অংশীদার কোয়ালিটি ফিডস লিমিটেড। উদ্ভাবন, গুণমান ও আস্থাকে মূল ভিত্তি হিসেবে ধারণ করে প্রতিষ্ঠানটি দেশের মৎস্য সম্পদ উৎপাদনে নতুন দিগন্ত উন্মোচন করেছে। পুষ্টি নিরাপত্তা, কর্মসংস্থান এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির এক মজবুত স্তম্ভ গড়ে তুলেছে। এই ৩০ বছরের গৌরবময় অভিযাত্রায়, কোয়ালিটি ফিডস লিমিটেড উৎপাদন করেছে দেশের উন্নতমানের ও সর্বাধিক পরিমাণ ফিশ ফিড, যা বাংলাদেশে মৎস্য উৎপাদনের রূপান্তরমূলক অগ্রযাত্রার পেছনে সবচেয়ে বড় চালিকাশক্তি হিসেবে কাজ করেছে।

শুধুমাত্র QFL-এর সরবরাহকৃত ফিড ব্যবহার করেই দেশে **৮ কোটি টনেরও বেশি মাছ** উৎপাদন সম্ভব হয়েছে যা বাংলাদেশের আমিষের চাহিদা পূরণ, পুষ্টি উন্নয়ন এবং গ্রামীণ অর্থনীতির বিকাশে এক অনন্য অবদান। ফিড উৎপাদন প্রক্রিয়ায় QFL প্রয়োগ করে আধুনিক প্রযুক্তি, বৈজ্ঞানিক গবেষণা এবং কঠোর মাননিয়ন্ত্রণ। **উন্নত কাঁচামাল, নিখুঁত পুষ্টি ভারসাম্য এবং পরিবেশ বান্ধব উৎপাদন ব্যবস্থার** সমন্বয়ে আমরা নিশ্চিত করি সর্বোচ্চ ফলন, স্বাস্থ্যকর মাছ এবং টেকসই মৎস্যচাষ।



# আপনি জানেন কি?

**দেশের প্রত্যন্ত অঞ্চলে এবং**
**প্রান্তিক খামারি পর্যায়ে পণ্য ও সেবা পৌঁছে দিতে**

## সমগ্র দেশজুড়ে গড়ে তুলেছি সেলস ডিপো

বাংলাদেশের কৃষি ও প্রাণিসম্পদ খাত দেশের খাদ্য নিরাপত্তা ও অর্থনীতির মূলভিত্তি। কিন্তু খামারিদের কাছে ভালো মানের ফিড ও সেবা নির্বিঘ্নে পৌঁছানো একটি বড় চ্যালেঞ্জ। প্রান্তিক এলাকায় মানসম্মত ফিড সহজলভ্য নয়। অন্যদিকে দুর্বল সড়কব্যবস্থা, পরিবহন জটিলতা ও প্রাকৃতিক দুর্যোগের কারণে ফিড সরবরাহে বিঘ্ন ঘটে। তথ্যের অভাব এবং সঠিক প্রশিক্ষণ না থাকায় অনেক খামারি জানেন না কোন ফিড তাদের প্রাণীর উপযোগী বা কীভাবে সঠিকভাবে ব্যবহার করতে হয়। এই সার্বিক বিষয় বিবেচনায় খামারিদের উন্নয়ন ও সেবার মানোন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কোয়ালিটি ফিডস লিমিটেড পুরো দেশকে সুনির্দিষ্টভাবে ভাগ করেছে **৪টি সেক্টর, ৯টি জোন এবং ৩১টি রিজিওনে**। এই সুসংগঠিত কাঠামোর মাধ্যমে প্রতিটি অঞ্চলে দ্রুত, কার্যকর ও নিরবচ্ছিন্ন সেবা নিশ্চিত করা হচ্ছে যাতে দেশের প্রত্যন্ত এলাকার খামারিরাও সমানভাবে সুবিধা পান।

খামারিদের দোরগোড়ায় পণ্য ও সেবা পৌঁছে দিতে গড়ে তোলা হয়েছে **২৫টি আধুনিক সেলস ডিপো**, যেখানে রয়েছে প্রশিক্ষিত জনবল, সঠিক সংরক্ষণব্যবস্থা এবং নির্ভরযোগ্য পরিবহন সুবিধা। এর ফলে দেশের প্রান্তিক প্রতিটি খামারিগণ সঠিক সময়ে পাচ্ছেন **সেরা মানের ফিড, উন্নত পোনা এবং একদিন বয়সী মুরগির বাচ্চা**।




# আপনি জানেন কি?

## দেশজুড়ে প্রত্যেক প্রান্তে রয়েছে আমাদের ডায়াগনস্টিক ল্যাব ও খামারি সেবা কেন্দ্র

বাংলাদেশের প্রাণিসম্পদ ও মৎস্য খাত দেশের অর্থনীতির অন্যতম স্তম্ভ। বর্তমানে এই দুই খাত সম্মিলিতভাবে জাতীয় GDP-র প্রায় ৪.৩% অবদান রাখছে। তবে উৎপাদন বৃদ্ধি ও রোগ-ব্যবস্থাপনায় বড় চ্যালেঞ্জ হলো সময়মতো রোগ শনাক্ত না হওয়া এবং সঠিক টেকনিক্যাল পরামর্শের অভাব। বাংলাদেশের অধিকাংশ ক্ষুদ্র খামারি রোগ শনাক্ত, টিকাদান, ও খাওয়ানোর পদ্ধতি সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষিত নয়। এই বাস্তবতায় ডায়াগনস্টিক ল্যাব ও খামারি সেবাকেন্দ্র এখন শুধু সুবিধা নয়, বরং একটি অপরিহার্য অবকাঠামো। পোল্ট্রি ও মাছের উৎপাদনে ২০-৩০% পর্যন্ত ক্ষতি হয় সংক্রামক রোগ বা পুষ্টিজনিত অসামঞ্জস্যতার কারণে। এই সমস্যা এবং চ্যালেঞ্জ মোকাবেলায় কোয়ালিটি ফিডস লিমিটেড বিগত ২ যুগের বেশি সময় ধরে চালু করেছে বিনামূল্যে আধুনিক পোল্ট্রি ও ফিশ ডায়াগনস্টিক ল্যাব এবং খামারি সেবাকেন্দ্র। এখানে খামারিরা পাচ্ছেন সর্বাত্মক পরামর্শ ও প্রয়োজনীয় সহযোগিতা। এছাড়াও, প্রদান করছে বিনামূল্যে ডিবিকিং ও ভ্যাক্সিনেশন সার্ভিস, যেনো খামার ব্যবস্থাপনা হয় আরও কার্যকর ও লাভজনক।



# আপনি জানেন কি?

**বিগত দুই দশকে আমরা গুণগত মানসম্পন্ন**

## ১১ কোটির অধিক ডিওসি

**পৌঁছে দিয়েছি প্রান্তিক খামারির হাতে**

বাংলাদেশের পোল্ট্রি শিল্প এখন দেশের অন্যতম দ্রুতবর্ধনশীল খাত। জাতীয় অর্থনীতিতে অবদান প্রায় GDP ১.৮%, বছরে ২৩ বিলিয়নের বেশি ডিম ও ১.৪৬ মিলিয়ন মেট্রিক টন মাংস উৎপাদনের মাধ্যমে এটি এখন দেশের প্রোটিন নিরাপত্তার অন্যতম ভরসা। এই খাতে ৬ মিলিয়নের বেশি মানুষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত। এই প্রবৃদ্ধির ধারায় ভূমিকা রাখছে কোয়ালিটি ব্রীডার্স লিমিটেড যা দুই দশকের বেশী সময় ধরে উন্নতমানের ব্রয়লার, লেয়ার ও কালার বার্ডস-এর একদিন বয়সী বাচ্চা (DOC) খামারিদের হাতে পৌঁছে দিচ্ছে, সঙ্গে **বিনামূল্যে টেকনিক্যাল সার্ভিস** ও নিয়মিত পরামর্শ প্রদান করছে। উন্নত জাত, প্রযুক্তিনির্ভর খামার ব্যবস্থাপনা, এবং খামারিদের পাশে থেকে সেবা প্রদানের মাধ্যমে প্রতিষ্ঠানটি গড়ে তুলছে **একটি সমৃদ্ধ, টেকসই ও নিরাপদ বাংলাদেশ**।




# আপনি জানেন কি?

শুধু গ্রামীন অর্থনীতিই নয়

## নিজস্ব ফুড ফ্র্যাঞ্চাইজি কিউ বিস্ত্র (Q-BISTRO)

এর মাধ্যমে, শহরাঞ্চালেও তৈরী হচ্ছে তরুণ উদ্যোক্তাদের গল্প

স্বল্প মূলধনে অধিক মুনাফার সম্ভাবনা নিয়ে, কোয়ালিটির আস্থায় হালাল ও স্বাস্থ্যসম্মত খাবারের ফ্র্যাঞ্চাইজি আউটলেট Q-Bistro যাত্রা শুরু করেছে দেশজুড়ে। এর মাধ্যমে আমরা শহরজুড়ে তৈরি করছি সফলতা ও স্বাবলম্বী উদ্যোক্তা হয়ে ওঠার নতুন নতুন গল্প। উদ্যোক্তা সৃষ্টির এই যাত্রায়, কোয়ালিটি আছে গ্রামে, শহরে, সর্বত্র।



# আপনি জানেন কি?

## বিগত তিন দশকে এই যাত্রায় আমরা সৃষ্টি করেছি **১০ হাজারের বেশি** কর্মসংস্থান

বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে অর্থনৈতিক উন্নয়নের পথে। তবে কর্মসংস্থান খাতে এখনও গুছিয়ে নিতে বাকি অনেক কাজ বাকি। দেশের জনবলবহুল শ্রমবাজারে নতুনদের জন্য যোগ্য চাকরির সুযোগ বাড়ানো, পাশাপাশি বিদ্যমান কাজগুলোর গুণগত মান উন্নত করাই আজকের এক বড় চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ মোকাবেলায় তিন দশক ধরে কোয়ালিটি ফিডস লিমিটেড শুধু সফল খামারি ও উদ্যোক্তা তৈরি করেনি বরং প্রান্তিক গ্রাম থেকে শুরু করে শহরের কেন্দ্র পর্যন্ত গড়ে তুলেছে **১০,০০০-এরও বেশি কর্মসংস্থানের সুযোগ**, যা আজ বাংলাদেশের কৃষি ও শিল্প অর্থনীতিতে এক দৃঢ় ভিত্তি হিসেবে ভূমিকা রাখছে।




# আপনি জানেন কি?

## বিগত ৩ দশকে যেকোনো প্রাকৃতিক দূর্যোগে খামারির পাশে নির্ভরতার প্রতীক হয়ে ছিলো কোয়ালিটি ফিডস লিমিটেড

বাংলাদেশের কৃষি খাত আমাদের অর্থনীতির মূলভিত্তি। কিন্তু জলবায়ু পরিবর্তনের প্রভাবে ঘন ঘন প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা, ঘূর্ণিঝড়, খরা ও নদীভাঙন এই খাতকে করছে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত। ফসল নষ্ট হওয়া, মাটির উর্বরতা হ্রাস, গবাদিপশুর ক্ষতি এবং উৎপাদন ব্যয় বেড়ে যাওয়া সব মিলিয়ে কৃষক পরিবারগুলো পড়ে যায় মারাত্মক অর্থনৈতিক অনিশ্চয়তায়। একটি বড় দুর্যোগের পর কৃষকরা প্রায়শই নতুন করে উৎপাদনে ফিরতে পারেন না, কারণ তখন তাদের সামনে থাকে ঋণের বোঝা, এবং বাজারের অস্থিতিশীলতা। এই অবস্থায় কৃষি উৎপাদনের গতি কমে যায়, যার প্রভাব পড়ে জাতীয় খাদ্যনিরাপত্তা ও অর্থনীতির সার্বিক প্রবৃদ্ধিতে। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত খামার হোক কিংবা অনিশ্চিত বাজার পরিস্থিতি, প্রতিটি সংকটে কোয়ালিটি ফিডস লিমিটেড ছিল খামারিদের পাশে দৃঢ়ভাবে। দুর্যোগ-পরবর্তী পুনরুদ্ধার থেকে শুরু করে নতুন খামার স্থাপন প্রতিটি ধাপে কোয়ালিটি ফিডস লিমিটেড খামারিদের দিয়েছে আত্মবিশ্বাস, দিকনির্দেশনা ও সহায়তা। উন্নতমানের ফিড, আধুনিক প্রযুক্তি, প্রশিক্ষণ এবং ধারাবাহিক সেবার মাধ্যমে কোয়ালিটি ফিডস লিমিটেড গড়ে তুলছে টেকসই ও স্বনির্ভর খামার ব্যবস্থাপনা।

প্রতিশ্রুতি, শ্রেষ্ঠত্ব এবং

সাফল্যের ৩০ বছর

কোয়ালিটি ফিডস লিমিটেড




# কোয়ালিটি ফিডস লিমিটেড


কর্পোরেট অফিসঃ কিউ সেন্টার, স্বর্ণালী আবাসন প্রকল্প-স্বদেশ
প্লট-১১, ব্লক-এ, সেক্টর-০১, পূর্বাচল এক্সপ্রেসওয়ে, ঢাকা-১২২৯

+880 9678111555
www.qfl.com.bd
qualityfeedslimited.bd
qualityfeedslimited